

মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১ জুলাই

অষ্টম শ্রেণী

পরিবেশ ও বিজ্ঞান(পার্ট -4)

১ ঠিক উত্তর নির্বাচন কর

১.১ চাপের SI একক হলো-

ক)নিউটন খ) নিউটন বর্গ মিটার গ) নিউটন/ বর্গমিটার ঘ) নিউটন/ বর্গমিটার

১.২ আইসোবারদের ক্ষেত্রে নীচের যে কথাটি ঠিক তা হলো এদের – ক) ভর সমান খ) প্রোটন সংখ্যা সমান গ)নিউট্রন সংখ্যা সমান ঘ)ভর সংখ্যা সমান

১.৩ যে কোশীয় অঙ্গাণুর মধ্যে পুরোনো জীর্ণ কোশকে ধ্বংস করার জন্য নানা ধরনের উৎসেচক থাকে তা হলো – ক)মাইটোকন্ড্রিয়া খ) রাইবোজোম গ) নিউক্লিয়াস ঘ) লাইসোজোম

২। সংক্ষিপ্ত উত্তর দাও

২.১ এক কিলোগ্রাম ভরের বস্তুকে পৃথিবী কত পরিমাণ বল দিয়ে আকর্ষণ করে?

উঃ এক কিলোগ্রাম ভরের বস্তুকে পৃথিবী (1×9.8) নিউটন = 9.8 নিউটন বল দিয়ে আকর্ষণ করে।

২.২ লঘু অ্যাসিড থেকে হাইড্রোজেন গ্যাস মুক্ত করার ক্রমক্রমসমান প্রবণতা অনুসারে কয়েকটি ধাতুকে সজিয়ে দেওয়া হলো: Na, Fe, (H), Ca, Au. এই তথ্য থেকে সবচেয়ে তড়িৎ ধনাত্মক ধাতুটিকে চিহ্নিত করো

উঃ সবচেয়ে তড়িৎ ধনাত্মক ধাতু Na

২.৩ চোখের রেটিনায় উপস্থিত কোন কোশ মৃদু আলোয় দর্শনে সাহায্য করে?

উঃ চোখের রেটিনায় উপস্থিত রড কোশ মৃদু আলোয় দর্শনে সাহায্য করে

৩ একটি বা দুটি বাক্যে উত্তর দাও

৩.১ কুলম্বের সূত্রের গাণিতিক রূপটি লেখো এবং k রাশিটির SI একক উল্লেখ করো।

উঃ কুলম্ব সূত্রের গাণিতিক রূপটি হলো-

$$F = kq_1q_2/r^2$$

এখানে q_1 এবং q_2 হলো তড়িতাহিত বস্তু দুটির আধানের পরিমাণ r হলো তড়িতাহিত বস্তু দুটির মধ্যে দূরত্ব এবং F হলো বস্তু দুটির মধ্যে ক্রিয়াশীল তড়িৎ বল।


k এর SI একক নিউটন(মিটার)²/ কুলম্ব²

৩.২ খুব শুকনো ও ঠাণ্ডা পরিবেশে বসবাসকারী প্রাণীদের দেহে কী কী বিশেষ বৈশিষ্ট্য দেখা যায়?


উঃ খুব শুকনো ও ঠাণ্ডা পরিবেশে বসবাসকারী প্রাণীদের কোশে অ্যা ন্টিফ্রীজ প্রোটিন থাকে যা কোশীয় তরলে বরফের কেলশ তৈরীতে বাধা দেয়। এছাড়াও তাপ সংরক্ষনের প্রয়োজনে এদের দেহে ফ্যাট সঞ্চয়কারী কোশের প্রাচুর্য থাকে।

৪ তিন চারটি বাক্যে উত্তর দাও


৪.১ সমযোজী বন্ধন দিয়ে গঠিত জল, মিথেন এবং অ্যামোনিয়া অণুর প্রাথমিক গঠন কীরকমের তা ঐঁকে দেখাও।



অ্যামোনিয়া



জল



মিথেন

৪.২ এন্ডোপ্লাজমীয় জালিকার গঠন ও কাজ উল্লেখ করো।

উঃ এন্ডোপ্লাজমীয় জালিকা প্লাজমা পর্দা থেকে উৎপন্ন হয়ে নিউক্লীয় পর্দা পর্যন্ত বিস্তৃত থাকে। কতগুলো পর্দাবেষ্টিত নানা আকারের নল দিয়ে এরা গঠিত। এরা সাইটোপ্লাজমকে কতগুলো অসম্পূর্ণ প্রকোষ্ঠে ভাগ করে। কোনো পর্দার বাইরের দিকে প্রোটিন সংশ্লেষকারী রাইবোজোম যুক্ত থাকে, তাই এদের অমসৃণ দেখায়।

এদের কাজ হল- ক) বিভিন্ন কোশীয় বস্তুর প্রোটিন ও লিপিড সংশ্লেষ করা

খ) প্রোটিন ও লিপিড পরিবহন ও সঞ্চয়ে অংশগ্রহণ করা।